

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪১৪৫]

৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (كتاب المغازی)

পরিচ্ছেদঃ ২১৯৮. ইফকের ঘটনা [ইমাম বুখারী (রহঃ) বলেন] إِنْكَ وَنَجَسٍ এর মত إِنْكَ ও إِنْكَ শব্দটি
উভয়ভাবেই ব্যবহৃত হয়। তাই আরবীয় লোকেরা বলেন, إِنْكَهُمْ وَأَفْكَهُمْ

باب حَدِيثُ الْإِنْكَ وَالْأَفْكَ بِمَنْزِلَةِ النَّجَسِ وَالنَّجَسِ يُقَالُ: إِنْكَهُمْ وَأَفْكَهُمْ وَأَفْكَهُمْ فَمَنْ قَالَ:
"أَفْكَهُمْ" يَقُولُ صَرَفَهُمْ عَنِ الْإِيمَانِ وَكَذَّبَهُمْ كَمَا قَالَ {يُؤْفِكُ عَنْهُ مَنْ أَفَكَ} يُصَرِّفُ عَنْهُ مَنْ
صَرَّفَ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، قَالَ زَهَبْتُ أَسْبُ حَسَّانَ
عِنْدَ عَائِشَةَ فَقَالَتْ لَا تَسْبُهُ، فَإِنَّهُ كَانَ يُنَافِحُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.
وَقَالَتْ عَائِشَةُ اسْتَأْذَنَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي هِجَاءِ الْمُشْرِكِينَ قَالَ " كَيْفَ
بِنَسَبِي ". قَالَ لِأَسْلَنَكَ مِنْهُمْ كَمَا تُسَلُّ الشَّعْرَةَ مِنَ الْعَجِينِ.
وَقَالَ مُحَمَّدٌ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ فَرْقَدٍ، سَمِعْتُ هِشَامًا، عَنْ أَبِيهِ، قَالَ سَبَبْتُ حَسَّانَ، وَكَانَ
مِمَّنْ كَثُرَ عَلَيْهَا.

বাংলা

৩৮৩৯। উসমান ইবনু আবু শায়বা (রহঃ) ... হিশামের পিতা [উরওয়া] থেকে বর্ণিত, তিনি বলেন, আয়িশা (রাঃ)
এর সম্মুখে হাসসান ইবনু সাবিত (রাঃ) কে গালি দিতে আরম্ভ করলে তিনি বললেন, তাঁকে গালি দিও না। কেননা
তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পক্ষ অবলম্বন করে কাফিরদের বিরুদ্ধে লড়াই করতেন।
আয়িশা (রাঃ) বলেছেন, হাসসান ইবনু সাবিত (রাঃ) কবিতার মাধ্যমে মুশরিকদের নিন্দাবাদ করার জন্য নবী
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে অনুমতি চাইলে তিনি বললেন, তুমি কুরাইশদের নিন্দাসূচক কবিতা
রচনা করলে আমার বংশ কে কি করে রক্ষা করবে? তিনি বললেন, আমি আপনাকে তাদের থেকে এমনিভাবে
পৃথক করে রাখব যে, যেমনি ভাবে আটার খামির থেকে চুলকে পৃথক করে রাখা হয়। মুহাম্মদ (রহঃ) বলেছেন,
উসমান ইবনু ফারকাদ (রহঃ) আমার কাছে বর্ণনা করেছেন যে, আমি হিশাম (রহঃ) কে তার পিতা উরওয়া (রাঃ)
থেকে বর্ণনা করতে শুনেছি, তিনি বলেছেন, আমি হাসসান ইবনু সাবিত (রাঃ) কে গালি দিয়েছি। কেননা তিনি
ছিলেন, আয়িশা (রাঃ) এর প্রতি অপবাদ রটনাকারীদের মধ্যে অন্যতম।

English

Narrated Hisham's father:

I started abusing Hassan in front of `Aisha. She said, "Do not abuse him as he used to defend Allah's Apostle (against the infidels). `Aisha added, "Once Hassan took the permission from the Prophet (ﷺ) to say poetic verses against the infidels. On that the Prophet (ﷺ) said, 'How will you exclude my forefathers (from that)? Hassan replied, 'I will take you out of them as one takes a hair out of the dough.' Hisham's father added, "I abused Hassan as he was one of those who spoke against `Aisha."

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=4109>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন